ব্রিটিশ শাসনমুক্ত সদ্যজাত স্বাধীন ভারতবর্ষের প্রধানমন্ত্রী পণ্ডিত জওহরলাল নেহেরুর নেতৃত্বাধীন তদারকি সরকার আন্তরিকভাবে গণতান্ত্রিক পদ্ধতিতে দেশ পরিচালনার লক্ষ্যে সংসদীয় পরিকাঠামো রচনায় উদ্যোগী হয়। এই উদ্যোগের ফলশ্রুতিতে ১৯৫০ সালের ২৬ জানুয়ারি ভারতীয় সংবিধান কার্যকরী হলেও নাগরিকত্ব আইনের ৫, ৬, ৭, ৮, ৯ নম্বর ধারা এবং সংবিধানের ৩২৪ নম্বর ধারা অনুযায়ী ১৯৪৯ সালের ২৬ নভেম্বর ভারতীয় নির্বাচন আয়োগ-এর আত্মপ্রকাশ ঘটে। ভারতীয় নির্বাচন আয়োগ-এর কার্যক্রম শুরু হয় ভারতীয় সংবিধান কার্যকরী হওয়ার একদিন আগে অর্থাৎ ১৯৫০ সালের ২৫ জানুয়ারি। ১৯৫০ সালের ২১ মার্চ আই সি এস সুকুমার সেন ভারতবর্ষের প্রথম মুখ্য নির্বাচন কমিশনারের দায়িত্বভার গ্রহণ করেন। ওই সময় তিনি পশ্চিমবঙ্গের মুখ্যসচিবের পদে কর্মরত ছিলেন। দায়িত্ব গ্রহণের এক বছর সাত মাসের মধ্যে শ্রী সেন দেশের ১৪টি জাতীয় এবং ৬৩টি প্রাদেশিক ও স্থানীয় রাজনৈতিক দলের মোট ১৭,২৩৫ জন প্রার্থীর ভাগ্য নির্ধারণের সাহায্যে একই সাথে স্বাধীনোত্তর ভারতবর্ষের প্রথম লোকসভা এবং বাইশটি প্রদেশের প্রাদেশিক বিধানসভা গঠনের মধ্য দিয়ে গণতান্ত্রিক রাষ্ট্র ব্যবস্থার সূচনাকল্পে যে কর্মযজ্ঞের সুচনা করেছিলেন তা ছিল পৃথিবীর ইতিহাসে গণতন্ত্রের সবচেয়ে বড় পরীক্ষা। ২১ বছর বয়সোর্দ্ধ ১৭৬ মিলিয়ান ভারতবাসীকে তিনি ভোটদানকারী হিসেবে সামিল করেছিলেন গণতন্ত্রের এই মহোৎসবে, যাঁদের শতকরা ৮৫ শতাংশ ছিলেন অক্ষরজ্ঞানহীন। সংখ্যাগরিষ্ঠ নিরক্ষর ভোটদাতাদের দ্বারাই নির্বাচিত হয়েছিল স্বাধীন দেশের ৪৮৯ আসন বিশিষ্ট লোকসভা এবং ৩,২৮৩ আসন বিশিষ্ট বিভিন্ন প্রদেশের প্রাদেশিক বিধানসভার জনপ্রতিনিধিগণ। এই জনপ্রতিনিধিদের হাত ধরেই জন্ম হয়েছিল স্বাধীন ভারতের সংসদীয় গণতন্ত্রের। শ্রী সেন কিভাবে এত অল্প সময়ে সম্ভব করেছিলেন এই অসম্ভবকে তা আজ বিস্মৃত ইতিহাস।

জেলা জজ শ্রী অক্ষয়কুমার সেন এবং শ্রীমতী সুষমা সেনের আট ছেলে ও দুই মেয়ের তৃতীয় সন্তান সুকুমার সেন। সেন দম্পতির আর দুই কৃতি সন্তানের একজন হলেন প্রখ্যাত চিকিৎসক ডা: অমিয় কুমার সেন, যিনি কবিগুরুর শেষ জীবনে চিকিৎসকের দায়িত্ব পালন করেছিলেন। অপরজন হলেন স্বনামধন্য আইনজীবী শ্রী অশোককুমার সেন, যিনি পরবর্তীকালে ভারতবর্ষের আইনমন্ত্রীর দায়িত্ব পালন করেছিলেন। অত্যন্ত মেধাবী ছাত্র সুকুমার সেন বর্ধমান মিউনিসিপাল স্কুলে পড়াশুনার পাঠ শেষ করে কলকাতা প্রসিডেন্সি কলেজে ভর্তি হন এবং গণিতশাস্ত্রে প্রথম হয়ে স্নাতক হন। গণিতশাস্ত্রে উচ্চশিক্ষা লাভের আশায় সুকুমার সেন ১৯১৯ সালে ২১ বছর বয়সে ইংল্যান্ডের উদ্দেশ্যে রওনা হন এবং ইউনিভার্সিটি অব লন্ডন থেকে গণিতশাস্ত্রে স্বর্ণপদক লাভ করেন। পারিবারিক সূত্রে জানা যায় ওই যাত্রা পথেই তাঁর পরিচয় হয়েছিল দেশমাতার আর এক কৃতি সন্তান শ্রী সুভাষচন্দ্র বসুর সাথে এবং তিনি সুভাষচন্দ্র বসুর ব্যক্তিত্বে গভীরভাবে আকৃষ্ট হয়েছিলেন। আইনব্যবসার প্রতি গভীর ভালোবাসা থাকলেও অসময়ে পিতার মৃত্যুর কারণে সুকুমার সেন পারিবারিক প্রয়োজনেই বেছে নিতে বাধ্য হয়েছিলেন ইন্ডিয়ান সিভিল সার্ভিসের কর্মজীবন। ১৯২১ সালে সুকুমার সেন সিভিল সার্ভিসে যোগ দেন এবং ১৯২৪ থেকে ১৯২৭ সাল পর্যন্ত তিনি নদীয়া জেলার চুয়াডাঙ্গা ও পাবনা জেলার সেরাগঞ্জের মহাকুমা শাসকের দায়িত্ব পালন করেন। ১৯২৮ সাল থেকে প্রায় দু-দশক অর্থাৎ ১৯৪৭ সাল পর্যন্ত শ্রী সেন পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলার জেলা জজ ও সেশান জজের পদে আসীন ছিলেন। স্বাধীন ভারতের অঙ্গরাজ্য পশ্চিমবঙ্গ সরকারের প্রথম মুখ্যমন্ত্রী শ্রী প্রফুল্লচন্দ্র ঘোষ শ্রী সুকুমার সেনকে রাজ্যের প্রথম মুখ্যসচিবের পদে

নিযুক্ত করেন এবং ওই পদে শ্রী সেন ১৯৪৭ সাল থেকে ১৯৫০ সাল পর্যন্ত কর্মরত ছিলেন। সেই সময় রাজ্যের মুখ্যসচিবের পদই ছিল সর্বোচ্চ পদ যা একজন আই সি এস অফিসার অলংকৃত করতেন। পশ্চিমবঙ্গের পরবর্তী মুখ্যমন্ত্রী ডা: বিধানচন্দ্র রায়ের সুপারিশেই প্রধানমন্ত্রী পণ্ডিত জওহরলাল নেহেরুর নেতৃত্বাধীন ভারত সরকার শ্রী সেনকে ১৯৫০ সালের ২১ মার্চ দেশের প্রথম মুখ্য নির্বাচন কমিশনারের পদে নিযুক্ত করেন। ১৯৫০ সালের ২১ মার্চ থেকে ১৯৫৮ সালের ১৯ ডিসেম্বর পর্যন্ত সুকুমার সেন দেশের মুখ্য নির্বাচন কমিশনারের দায়িত্ব পালন করেন। ওই সময়ে তাঁর নেতৃত্বে ১৯৫২ এবং ১৯৫৭ সালে দেশের দু-দুটি সাধারণ নির্বাচন অত্যন্ত সুষ্ঠুভাবে সম্পন্ন হয়। সারা বিশ্ব চরম বিস্ময়ে প্রত্যক্ষ করেছিল পৃথিবীর সর্ব বৃহৎ গণতন্ত্রের অগ্নিপরীক্ষা। শ্রী সুকুমার সেনের নেতৃত্বাধীন জাতীয় নির্বাচন আয়োগের যথার্থ পরিচালনায় এবং দেশবাসীর সক্রিয় অংশগ্রহণে রচিত হয়েছিল ভারতীয় সংসদীয় গণতন্ত্রের মহাকাব্যিক ইতিহাস। পণ্ডিত নেহেরুর ভাষায়, "আমরা ছোট মাপের মানুষ, কিন্তু যোগ দিয়েছি বিরাট এক কাজে। এই কাজটা বিরাট, তাই বিরাটত্বের কিছুটা ছোঁয়া আমাদের গায়েও এসে লাগে, সে কৃতিত্বের আঁচ আমরা পাই।"

শ্রী সুকুমার সেনের নেতৃত্বাধীন নির্বাচন আয়োগ দেশের প্রথম সাধারণ নির্বাচন পরিচালনার লক্ষ্যে দেশের সংবিধান, ১৯৫০ এবং ১৯৫১ সালের জনপ্রতিনিধিত্ব আইনে অনুসৃত নির্দেশিকা অনুসরণ করে নানান প্রশাসনিক, অর্থনৈতিক এবং রাজনৈতিক সীমাবদ্ধতাকে অতিক্রম করে সারা দেশে নির্বাচন কেন্দ্রের বিন্যাস, পুনর্বিন্যাস, সংরক্ষিত আসন নির্দিষ্টকরণ, ক্রমবর্ধমান উদ্বাস্তু সমস্যা এবং সর্বোপরি ভোটার তালিকা প্রণয়নের মত অত্যন্ত দূরূহ কাজের পাশাপাশি ভোট পরিচালনার উপযুক্ত পরিকাঠামো নির্মাণ, প্রয়োজনীয় সংখ্যক ভোটকর্মী নিয়োগ, নির্বাচন প্রক্রিয়াকে সম্পূর্ণ অবাধ ও স্বচ্ছ রাখতে যথার্থ প্রশাসনিক পরিমণ্ডল রচনা, অধিকাংশ নিরক্ষর ভোটদাতার ভোটগ্রহণ এবং সবশেষে ফল ঘোষণার কাজ যে দক্ষতা, দ্রুততা এবং দৃঢ়তার সাথে সম্পাদন করেছিলেন তা আজও চরম বিস্ময়ের উদ্রেক করে।

শ্রী সেন দেশের প্রথম সাধারণ নির্বাচনে অংশগ্রহণকারী প্রতিটি রাজনৈতিক দলের জন্য পৃথক পৃথক নির্বাচনী প্রতীক নির্দিষ্টকরণের মধ্য দিয়ে পৃথিবীর গণতন্ত্রের ইতিহাসে এক যুগান্তকারী ক্ষেত্র নির্মাণ করেছিলেন। তিনি উপলব্ধি করেছিলেন দেশের পঁচাশি শতাংশ অক্ষরজ্ঞানহীন ভোটারদের পক্ষে নির্বাচনে অংশগ্রহণকারী বহু রাজনৈতিক দলের প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের মধ্যে থেকে কেবলমাত্র নামের ভিত্তিতে পছন্দের প্রার্থীকে বেছে নেওয়া অসম্ভব। সেই কারণেই তিনি প্রাত্যহিক জীবনে ব্যবহার্য নানান উপকরণ যেমন জোড়া বলদ, কুঁড়ে ঘর, হাতি, কাস্তে হাতুড়ি, প্রদীপ, উদীয়মান সূর্য, মানুষের হাত, দণ্ডায়মান সিংহ ইত্যাদি নির্দিষ্ট করেছিলেন বিভিন্ন রাজনৈতিক দলের প্রতীক হিসেবে। শ্রী সেনের ওই উদ্ভাবনী ভাবনার সার্থক প্রয়োগের ফলশ্রুতিতে প্রথম সাধারণ নির্বাচনে বিভিন্ন কারণে বাজেয়াপ্ত ভোটের পরিমাণ চার শতাংশেই সীমাবদ্ধ ছিল। উত্তর-আধুনিক ভারতবর্ষ আজও সুকুমার সেন সৃষ্ট পথেই ধাবমান। কেবল নির্বাচনী প্রতীকই নয়, ভোটবাক্স এবং ভোটপত্রের নক্সা শ্রী সেন নিজেই প্রস্তুত করেছিলেন। লোকসভা এবং বিধানসভার জন্য আলাদা রঙের ভোটবাক্স এবং ভোটপত্রের ব্যবহারের নির্দেশও তাঁরই মস্তিকপ্রসূত। ১৯৫৫ সালের ১৪ ফেব্রুয়ারি সুকুমার সেন প্রকাশিত 'রিপোর্ট অন দ্য ফার্স্ট জেনারেল ইলেকশানস্ ইন ইন্ডিয়া ১৯৫১-৫২' থেকে জানা যায়, "ভোটার তালিকা প্রস্তুত করার জন্য — টাইপ এবং ক্রমানুগ সাজানো - ১৬,৫০০ কর্মীকে চুক্তির ভিত্তিতে ছয় মাসের জন্য নিয়োগ করা হয়েছিল। ৩,৮৪,২১৫ রিম কাগজের ব্যবহার হয়েছিল ভোটপত্র তৈরি করতে। ভোটদানের পর ভোটপত্র সংরক্ষণের জন্য ২ মিলিয়ন অর্থাৎ ২০ লক্ষ ভোটবাক্স তৈরি করতে ব্যবহৃত হয়েছিল

৮,২০০ টন স্টিল এবং জাল ভোট রুখতে ব্যবহৃত হয়েছিল ৩,৮৯,৮১৬ ফাইল কালি।" শ্রী সেনের অনুরোধেই সমকালীন বিজ্ঞানীরা এমন কালি প্রস্তুত করেছিলেন যা দেহের কোন অংশে একবার লাগলে দীর্ঘ দিন তা উজ্জ্বল থাকবে। এই প্রসঙ্গে আর এক মুখ্য নির্বাচন কমিশনার শ্রী টি এন শেষণের নাম বিশেষভাবে স্মরণীয় কারণ সংবিধানের পবিত্রতা রক্ষায় তিনি সচিত্র ভোটারপত্রের প্রবর্তন করেন।

মুখ্য নির্বাচন কমিশনার শ্রী সুকুমার সেনের প্রশাসনিক দূরদৃষ্টিতার পরিচয় মেলে কৃত্রিম ভোটপ্রক্রিয়া পরিচালনার মাধ্যমে অনভিজ্ঞ আধিকারিক এবং ভোটকর্মীদের ভোট পরিচালনায় দক্ষ করে তোলার অভিনব এক প্রয়াসে। এই লক্ষ্যেই তিনি দেশের প্রতিটি রাজ্যে কৃত্রিম ভোটগ্রহণের ব্যবস্থা করেন এবং নিজে প্রতিটি রাজ্যে অনুষ্ঠিত ন্যূনতম একটি মহড়াতে উপস্থিত হয়ে নির্বাচনবিধি যথাযথ অনুসৃত হচ্ছে কিনা তা পর্যবেক্ষণ করেন। ১৯৫১ সালের ৫ আগস্ট রাজস্থানের উদয়পুরে প্রথম অনুষ্ঠিত হয়েছিল ভোটগ্রহণ প্রক্রিয়ার কৃত্রিম মহড়া। ব্যক্তি-প্রচারবিমুখ সুকুমার সেন দেশের আপামর জনসাধারণকে নির্বাচন সংক্রান্ত যাবতীয় বিষয়ে সচেতন এবং আত্মনির্ভর করে তুলতে বদ্ধপরিকর ছিলেন এবং এই কাজ যথাযথ সম্পাদনে শ্রী সেন বেতার, মুদ্রণ এবং চলচ্চিত্র ইত্যাদি মাধ্যমকে অত্যন্ত দক্ষতার সাথে ব্যবহার করেছিলেন। ১৯৫১ সালের ২৭ জুন দিল্লি অল ইন্ডিয়া রেডিও ভোটারদের উদ্দেশ্যে 'কিভাবে ভোট দিতে হবে', 'জাল ভোট রুখতে অক্ষয় কালির ব্যবহার' , 'ভোটারদের ভোটকেন্দ্রে যাতায়াত' ইত্যাদি বিষয়ে শ্রী সুকুমার সেনের নির্বাচন বিষয়ক সাতটি বক্তৃতা সম্প্রচার করে। সম্ভবত সুকুমার সেনের উদ্যোগেই ভারতবর্ষের তথ্য এবং সম্প্রচার মন্ত্রকের 'ফিল্ম ডিভিশান' ভোটারদের কাজ এবং কর্তব্য সম্পর্কে সচেতন করে তুলতে 'রাইটস্ এন্ড রেসপনসিবিলিটিস্' এবং 'ডেমোক্রেসি ইন অ্যাকসান' শীর্ষক দুটি তথ্যচিত্র নির্মাণ করে। এই তথ্যচিত্র দুটি সারা দেশে তিন হাজারেরও বেশি প্রেক্ষাগৃহে প্রদর্শিত হয়েছিল।

নানা বাধা বিপত্তি অতিক্রম করে অবশেষে স্বাধীনোত্তর ভারতবর্ষে প্রথম সাধারণ নির্বাচন শুরু হয় ১৯৫১ সালের ২৫ অক্টোবর বৃহস্পতিবার এবং শেষ হয় ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি। দেশের প্রথম সাধারণ নির্বাচনের পটভূমিতে রাজনৈতিক দ্বৈরথ বর্তমান সময়ের মত কলুষিত না হলেও একেবার বিষমুক্ত ছিল না। তবে রাজনৈতিক হানাহানির বিচ্ছিন্ন ঘটনা ঘটলেও পৃথিবীর সর্ববৃহৎ 'গণতন্ত্রের জুয়াখেলায়' সুকুমার সেনের নেতৃত্বাধীন ভারতীয় নির্বাচন কমিশন সসম্মানে উত্তীর্ণ হয়েছিল। ভারতবর্ষের প্রথম সাধারণ নির্বাচন সম্পর্কে সারা বিশ্ব যে উচ্ছ্বাস ব্যক্ত করেছিল তা আজও দেশবাসীকে গর্বিত করে। ওয়াশিংটনে কর্মরত শ্রী এম. কৃপালনী, যিনি পরবর্তীকালে থাইল্যান্ডে ভারতীয় রাষ্ট্রদূতের দায়িত্বপ্রাপ্ত হয়েছিলেন, সাংবাদমাধ্যমকে বলেন, "ভারতবর্ষের সাধারণ নির্বাচনের অগ্রগতি আমেরিকাবাসী অত্যন্ত গভীরভাবে পর্যবেক্ষণ করেছেন। তাঁরা বিপুল সংখ্যক দেশবাসীর নির্বাচনে অংশগ্রহণে বিস্ময় প্রকাশ করেছেন। তাঁরা ভারতবর্ষের অবাধ এবং প্রভাবমুক্ত নির্বাচন সম্পর্কে উচ্ছ্বাস প্রকাশ করেছেন।" এই নির্বাচন সম্পর্কে ইংল্যান্ডের *ম্যাঞ্চেস্টার গার্ডিয়ান* পত্রিকায় (২২ জানুয়ারি, ১৯৫২) উচ্ছ্বসিত প্রশংসা করে লেখা হয়, "ভারতবর্ষের অধিকাংশ অংশে অনুষ্ঠিত সাধারণ নির্বাচন অত্যন্ত পরিপক্ক, দক্ষ এবং সততার সাথে পরিচালিত হয়েছে। এই নির্বাচন যারা প্রত্যক্ষ করেছেন তাদের উন্মুক্ত প্রশংসা পরিচালকমণ্ডলীর প্রাপ্য)"। 'এ্যাসোসিয়েট প্রেস অব অস্ট্রেলিয়া'র সভাপতি স্যার লয়েড দুমাস কলিকাতায় (৯ ফেব্রুয়ারি, ১৯৫২) ভারতবর্ষের সাধারণ নির্বাচন প্রসঙ্গে বলেন, "সংবাদপত্রের মানুষ হিসেবে আমরা সমগ্র ভারতবর্ষের প্রাপ্ত বয়স্ক ভোটদাতা দ্বারা পরিচালিত ভোট প্রক্রিয়া প্রত্যক্ষ করছি। আমরা স্বপ্নেও ভাবতে পারিনি এই নির্বাচন কার্যক্রম এতটা সফল হবে। সারা

বিশ্বের মানুষ ভারতবর্ষের এই নির্বাচন প্রক্রিয়ায় অত্যন্ত বিস্মিত এবং অভিভূত।" নির্বাচনে পরাজিত সমাজবাদী দলের প্রবাদপ্রতীম নেতা শ্রী জয়প্রকাশ নারায়ণ ভারতবর্ষের নির্বাচনকে 'মুক্ত এবং অবাধ' আখ্যায়িত করে বলেন, "প্রজাতন্ত্রী ভারতবর্ষের প্রথম সাধারণ নির্বাচনে দেশের ভোটদাতারা তাঁদের অসাধারণ গণতান্ত্রিক চেতনার পরিচয় দিয়েছেন। ভারতবর্ষের মুখ্য নির্বাচন কমিশনার শ্রী সুকুমার সেন মহাশয়কে সাধারণ নির্বাচন প্রক্রিয়া অত্যন্ত শান্তিপূর্ণ এবং সাংবিধানিক উপায়ে সম্পন্ন করবার জন্য জানাই আন্তরিক অভিনন্দন।" সদ্য স্বাধীন একটি দেশের প্রথম সাধারণ নির্বাচন অত্যন্ত দক্ষতার সাথে পরিচালনার জন্য সারা বিশ্ব যখন সুকুমার সেনকে অভিনন্দিত করছে সেই সময় আবেগ তাড়িত না হয়ে শ্রী সেন যেভাবে নিজের লক্ষ্যের কথা ব্যক্ত করেছিলেন তা আজও তাঁর প্রশাসনিক দায়বদ্ধতাকে উদ্ভাসিত করে। নির্বাচনের অন্তিম লগ্নে দেশ-বিদেশের অভিনন্দনের প্রত্যুত্তরে শ্রী সেন বলেন, "নির্বাচন-পর্ব এখনও সমাপ্ত হয় নাই। উত্তর প্রদেশের পার্বত্য নির্বাচন কেন্দ্রসমূহে এখনও ভোটগ্রহণ বাকি আছে। তারপর আছে বিধান পরিষদ, রাষ্ট্রসভা এবং প্রেসিডেন্ট ও ভাইস-প্রেসিডেন্ট নির্বাচন। আমরা এপ্রিল মাসের শেষে বা মে মাসের প্রথম ভাগে সমস্ত কাজ শেষ করিতে পারিব বলিয়া আশা করি।" অর্থাৎ ঠোঁট আর পেয়ালার দূরত্ব সম্পর্কে তিনি কতটা সচেতন ছিলেন তাঁর এই মন্তব্যেই তা প্রতিভাত হয়। অবশেষে সুকুমার সেন তাঁর লক্ষ্যে সফল হয়েছিলেন এবং যার ফলশ্রুতিতে ১৯৫২ সালের ১৩ মে পণ্ডিত জওহরলাল নেহরুর নেতৃত্বে ২১ জন মন্ত্রীকে নিয়ে গণতান্ত্রিক পদ্ধতিতে গঠিত হয় প্রজাতন্ত্রী ভারতের প্রথম মন্ত্রিসভা।

স্বাধীনোত্তর ভারতবর্ষের সম্ভবত সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ কাজের মূল কারিগর শ্রী সুকুমার সেনকে ভারত সরকার ১৯৫৪ সালে দেশের সর্বোচ্চ অসামরিক সম্মান পদ্মভূষণ-এ ভূষিত করে। ১৯৬৩ সালের ১৩ মে কোলকাতায় বালিগঞ্জ সার্কুলার রোডের বাড়িতে বিকাল ৩টের সময় শ্রী সেনের জীবনাবসান হয়। কিন্তু পরিতাপের বিষয় দেশের প্রথম সাধারণ নির্বাচনের প্রেক্ষাপট, নির্বাচন পরিচালনার ঝুঁকি, নির্বাচন পরিচালনা এবং অর্জিত সাফল্য আজও সিংহভাগ ভারতবাসীর অজানা। ঠিক তেমনি দেশের প্রথম সাধারণ নির্বাচন পরিচালনার প্রধান পুরোহিত শ্রী সুকুমার সেন আজও এক বিস্মৃত নাম। জীবনের অধিকাংশ সময় প্রশাসনের উচ্চপদে আসীন থাকলেও তাঁর রাজনৈতিক দর্শন কখনও কোনোভাবে তাঁর নিরপেক্ষতাকে প্রভাবিত করেনি। দার্শনিক সুকুমার সেন তাঁর 'জীবন আমায় কি শিক্ষা দিয়েছে' শীর্ষক আত্মকথনে বলেন, "আমার অভিজ্ঞতায় আকাঙ্ক্ষা এবং তৃপ্তির একটি যৌক্তিক সমঝোতাই মানুষের সুখী হওয়ার উপায়।" এই জীবনদর্শনে বিশ্বাসী মানুষ খুব সঙ্গত কারণেই তাই রয়ে গেছেন প্রচারের আলো থেকে সহস্র যোজন দূরে! পরিতাপের বিষয় হলেও সত্য, যে ব্যক্তির দৃপ্ত পদচারণায় আজ ভারতবাসী প্রকৃত অর্থে 'সার্বভৌম গণতান্ত্রিক প্রজাতন্ত্রী' দেশের নাগরিক হিসেবে সারা বিশ্বে সমাদৃত হয়ে চলেছেন, সেই কৃতিমান মহামানবকে সদ্য অতিক্রান্ত স্বাধীনতার হীরকজয়ন্তী বর্ষে কৃতজ্ঞচিত্তে স্মরণ করার পাশাপাশি তাঁকে 'মরণোত্তর ভারতরত্ন' সম্মানে সম্মানিত করার এমন সুবর্ণ সুযোগ রাষ্ট্র গ্রহণ করবে কি না, তা দেখার বিষয় !

কৃতজ্ঞতা স্বীকার: *অমৃতবাজার পত্রিকা, আনন্দবাজার পত্রিকা,* ভারতীয় নির্বাচন আয়োগ, শ্রী দেবদত্ত সেন এবং শ্রী সঞ্জীব সেন।

Tibetan Collection of The Asiatic Society

Archana Ray
Cataloguer (Museum), The Asiatic Society

Aṣṭasāhasrikāprajñāpāramitā (Gold)

The Asiatic Society of Kolkata has a fine collection of about 7000 Tibetan Manuscripts, collected from different sources. The Tibetan collection is mainly in three types:

1. The Xylograph printed inside the crudely carved wooden blocks on the handmade paper tough and unpolished.
2. Some manuscripts are written on rough paper by hand.
3. Some printed texts written on modern papers.

Tibetan scriptures are commonly known as Kanjur, the canon and Tanjur, the commentaries. In the Asiatic Society, a complete set of Kanjur is preserved in three editions, i.e. Snār-thāṅ, Peeking and Lhāsā. Tanjur texts are Snār-thāṅ and peeking editions. A few Kanjur Manuscripts are the Tashi-lhuṅ-po edition. In addition to the Tanjur and Kanjur, the Society also possesses 330 texts of the miscellaneous work of the eminent scholars dealing with different subjects and varied interests. Some hand written manuscripts (Bris-mā) are also available in this collection.

Kanjur and Tanjur

Bu-ston (AD 1290-1364), an eminent scholar, collected and translated a few Indian texts scattered throughout the country. He also arranged those texts into two great series, i.e. Kanjur and Tanjur. Those texts were the faithful translations of the Sanskrit books into Tibetan, done between the 7th to 13th centuries AD by the Tibetan Buddhist monks well versed in Sanskrit literature. Almost all the texts of Kanjur and Tanjur collections have Sanskrit titles. Primarily all these were handwritten. In the 13th century, a Tibetan leader brought the art of block printing from China. Handwritten manuscripts and other literature were given

to the block makers. Different monasteries, then, began to prepare separate blocks from the same texts. The Xylograph of Kanjur was prepared in 108 volumes and Tanjur in 225 volumes. The Kanjur consists of 108 volumes arranged in seven principal divisions. The Tanjur is a cyclopaedic compilation consists of 225 volumes. There are two classes of Tanjur, i.e. Tantraṭīkā (rgyud-'grel) and Sūtraṭīkā (mdo-'grel). The Tantraṭīkā is mostly about tantric rituals and ceremonies, found in 87 volumes. The Sūtraṭīkā, in 136 volumes, treats various sciences and literature. One contains hymns of several deities (stotra), while the other volume is the index of the whole. It comprises all sorts of literary works written mainly by ancient Indian Paṇḍits and some learned Tibetans. The two collections contain 4569 texts. It is a tragedy that original compositions were missing except for a few, and nothing could be known about them for centuries.

A complete set of Kanjur and Tanjur text of Buddhist scriptures are preserved in atleast three editions (Lhasa, Narthang and Peeking). Apart from these, we have a miscellaneous work of the eminent scholars dealing with different subjects. From historical and literary point of view these texts are of unique importance for others. These texts throw a light on some information about literary evidence of this land, philosophy, tantra as well as the science of medicine, astrology, mathematics. It contains a number of life stories of Tibetan scholars as well as other scholars who visited India and wrote several books on different aspects of Buddhism, and also some commentaries and notes of eminent scholars of Sanskrit-Buddhist texts. It contains a number of texts on the ancient and medieval history of India and Tibet.

Sources of Tibetan Manuscript

Brian Houghton Hodgson had initiated Buddhist studies in the Asiatic Society. In 1818 he travelled to India as a writer to the British East India Company. Hodgson worked in India and Nepal as a naturalist and ethnologist. He described numerous species of birds and mammals from the Himalayas. At the same time, Hodgson was a scholar of Tibetan Buddhism and wrote extensively on varied topics relating to linguistics and religion. He was a member of the Society from 1833 to 1858 and discovered several Sanskrit-Buddhist manuscripts in Nepal. From 1824 onwards, Hodgson donated 94 Sanskrit-Buddhist Manuscripts to the Asiatic Society. He obtained a collection of Xylographs comprising two complete sets of Tibetan works, i.e. Kanjur and Tanjur printed with wooden blocks in Tibetan handmade papers in the Indian puthi format. The collection contains the whole circle of sacred literature. W.B. Bayley, Vice President of the Society, presented those to the Asiatic Society on 7th July 1824. In 1829, with the sanction of the Governor-General of the Council, the Council of Fort William College handed over a collection of Kanjur and some non-canonical Tibetan Manuscripts to the Society. H. Shakespear, President of the Council of Fort William College, took the initiative to transfer the Tibetan Manuscripts. His recommendation of transfer initiative was honoured by the Government (H.T. Prinsep letter dated 21st July 1829 to H. Shakespeare, President of the Fort William Council, AR No 503,Sl No 14 0f 1829). The Society was requested to receive the delivery of these invaluable materials on 28th July 1829, and thus it became the depository of the Asiatic Society museum. Some Tibetan Manuscripts was brought down by Alexander Csoma de Kőrös too. The Society has also168 printed volumes of the Tibetan Manuscripts (Peeking edition) in the complete sets of Kanjur and Tanjur texts of the Buddhist scriptures, published by the

Tibetan Tripitaka Research Institute (TTRI), Tokyo, Japan. The peeking edition stands as the oldest version in the printed edition. Dalai Lama XIV (Tenzin Gyatso) presented another edition called Lhāsā. Only Kanjur is available in the Lhāsā edition.

The Special Features of Tibetan Manuscripts

The Tibetan Manuscripts appear in the Indian puthi form. They are oblong in size (mainly Snār-thāṅ) and writing on both sides of the folio, and there are more or less 6, 7 or 8 lines on each page. The Xylograph of the Snār-thāṅ edition Kanjur and Tanjur are large and printed in black ink, whereas the Peeking edition appeared in printed book form. The paper used in writing the Manuscripts was the coarse type of Tibetan paper so that the front impression would not disturb the back. Mostly dbu-can scripts are available in the Manuscripts.

The peculiarity of the Tibetan Manuscripts is the folio no. The numerical figures are not used as folio no. Words are used instead of a figure, i.e. 11 is marked by bcu-gcig, 'bcu' means 10, and 'gcig' means one. Notes on margins appear in the Tibetan Manuscripts. It is an important feature. In most of the cases, subject mention in the left-hand margin, the texts dealing with Sū traṭīkā contain the marginal note mdo-'grel. In the cases of indigenous Manuscripts, a text on the biography of eminent personalities has a marginal note as 'rnam-thar'. Another important point on the margin is volume no. In the Tibetan Manuscripts, alphabetical letters are used to indicate the number of the volume. The alphabet 'ka' is used for the 1st volume. It is mentioned on the left-hand margin of each folio and accordingly 'kha' for the 2nd volume and so on.

The Tibetan Manuscripts, bris-mā, (handwritten) contain small paintings of Lord Buddha and Buddhist deities. It became a general practice to give outline pictures or illustrations in the first two or three folios of texts. The outline pictures and illustrations appear on the extreme sides of the first two or three folios. In the colophon of the Tibetan Manuscripts, the name of several Indian scholars and Tibetan interpreters appears with a brief description of their activities.

Eminent Personalities

Eminent scholars like Csoma-de-Kőrös, Sarat Chandra Das have utilized these Manuscripts in the last two centuries. Csoma-de-Kőrös was the first European to have acquired a systematic scholarly knowledge of the Tibetan language. He was associated with the Society from 1831 in his Tibetan studies. On Feb 6 1834, Csoma-de-Kőrös got elected as an honorary member of the Society unanimously. He worked as a Librarian of the Society from May 1838 to April 1841. The first publication was in the 1st volume of the journal (1832) has a short but excellent geographical explanation of Tibet entitled "Geographical notice of Tibet". Csoma-de-Kőrös was the pioneer in analysing the Kanjur, and his works got published in the *Asiatick Researches* (Vol. XX,Pt.1 Pg.41-93 and pt.2 Pg 293-357, 1836-1839). The analysis ventured a new method to present contents of the Kanjur (Buddhavacana) collection preserved in Tibetan for modern scholars. Another important work is the life of Buddha, divided into 12 matters. This article is considered to be advancement in the history of Buddhism. He explained all the main events of Buddha's life as we know them today. He also contributed Sanskrit-Tibetan- English vocabulary is an edition and translation of Mahāvyūtpatti edited by Sir E Denison Ross and Mahāmahopādhyāya Satish Chandra Vidyābhuṣana. In 1834 his work "The Tibetan Grammar and

Dictionary", published by the Society at the expense of the Indian Government, was the first of its kind and are deservedly held in high esteem. The last of his contribution appeared in the 25th volume of the Society's journal entitled "A brief notice of the Subháshita Ratna Nidhi of Saskya Pandita, with extracts and translations by the late M.A. Csoma de Kőrösi".

Another crucial contributor to Buddhist studies was Sarat Chandra Das. He was an eminent Tibetologist and scholar in the 19th century and one of the great Tibetan translators of the sacred Sanskrit texts on Buddhism. He was an associate member of the Asiatic Society of Bengal. He went to Tibet many times. In 1879 for the first time, he went to Tibet and came back in 1881. And then he wrote the most important narrative of a journey of Tashi-lhunpo. At first, it got published in the Government report of the Survey of India department in 1881. The Government of India awarded Sarat Chandra the title of Rai-Bahadur for this achievement. He collected a lot of information about the cultural and social life, religion and politics of Tibet. The Royal Geographical Society of Bengal awarded him the 'Back Premium' in 1887 for his contribution towards geographical researches. He contributed several articles to the proceedings and journals of the Society. The first publication was in 1881 "the contribution on the Religion, History etc. of Tibet". Between 1881and 1907, he wrote 37 valuable papers on different aspects of Tibetan culture, social life, religion and politics, and published in its journal and proceedings. In 1892 he founded the "Buddhist text Society in India" in Calcutta and acted as a secretary of this Society. The last of his long list of contributions contained in the journal (1907) entitled "On the Kālacakra system of Buddhism which originated in Orissa".

First Article on the Tibetan Language

Many eminent scholars delivered interesting and illuminative lectures on Buddhist and Tibetan studies in the Asiatic Society. The journal and proceedings of the Society recorded most of these lectures. "An Account of the journey of Tibet", written by Samuel Turner, was the first article on Tibetan studies, published in 1788 (Asiatic Researches). Then the President of the Society accordingly proposes the name of Mr Turner as a member of the Society and is seconded, Mr Peterson.

A few other publications on Tibetan studies

In the Bibliotheca Indica series, a few works on Tibetan studies were published in 1889-1917. Those are the texts Avadāna-kalpalatā (Sanskrit and Tibetan) Au. Kṣemendra and edited by Sarat Chandra Das, H.M.Vidyabhusana, and Satisa Chandra Vidyabhusana. In1908, the text Sragdharā-Stotram (Bauddha Stotra Samgraha or A collection of Buddhist hymns both Sanskrit and Tibetan), by Bhikṣu Sarvajña Mitra of Kashmir and edited by Satis Chandra Vidyabhusana. In 1917, Satis Chandra Vidyabhusana compiled the text Nyāya-Bindu-Index. It was a bilingual index of Sanskrit and Tibetan with a concordance of the terms occurring in the original text and the Tibetan translation. The Minor Tibetan texts (the song of the Eastern Snow Mountain), with English translation and notes by Johan Van Manen, was published in 1919.

Conclusion

The present essay provides a sketch of the nature and typology of Tibetan manuscripts, focuses on the early research initiatives done on Tibetan studies, and gives a brief idea about the researchers.

Asiatic Society's Exhibition on Rare Manuscripts at the 46th International Kolkata Book Fair, 2023

The Asiatic Society, Kolkata for the first time curated an exhibition on rare manuscripts at the 46th International Kolkata Book Fair 2023 in collaboration with the Publishers & Booksellers Guild held from 31st January to 12th February, 2023. The exhibition comprised display of 48 panels of photographic reproduction of manuscripts with descriptions and audio-visual productions based on two illustrated manuscripts. The rare manuscripts on which the exhibition was focused were from different subjects, scripts, languages and materials dating as early as 7th century CE.

The exhibition represented the rich collection of manuscripts in the museum of The Asiatic Society, Kolkata covering a wide variety of scripts like Early Brahmi, Kharosthi, Nagari, Newari, Gouri, Kutila, Gupta Brahmi, Ranjana, Sarada, etc. On the language side, it included Sanskrit as the pre-dominant language as well as Arabic, Persian, Urdu, Tibetan, regional Indian and South-East Asian languages. The images comprised manuscripts written on wide variety of materials like palm to palmyra leaves, barks of different trees, handmade and machine made papers of various grades. The exhibition portrayed the richness and variety in the textual content of the manuscripts which epitomises India's diverse spheres of life and learning. A collage on Ancient Indian Scripts

on side exteriors of the exhibition stall was of special attraction. The colourful and artistic display of the images of manuscripts with eye-catching typography of the descriptions contributed to the aesthetic appeal of the exhibition.

The exhibition highlighted the role of The Asiatic Society as a repository of human knowledge and its dissemination not only among the scholars and researchers but to the public at large, an attempt which could be defined as 'Manuscripts for the Masses'. The exhibition witnessed a large number of visitors on all the days, a great number of whom were students and young scholars. The visitors were fascinated by the theme and content of the exhibition in its attempt to spread awareness on manuscripts which are precursors to books, a first of its kind in an International Book Fair. The exhibition received great appreciations from the visitors with many of them recording their comments in the visitors' book. The exhibition also received wide press and media coverage.

From Visitors' Book





Celebration of National Science Day

The Asiatic Society celebrated the National Science Day on 28th February, 2023. This day was observed as 'Plastic Free Day'. The programme included three Academic Sessions. An exhibition on Sir C. V. Raman was held. Dr. Asok Kanti Sanyal, Biological Science Secretary of the Society was the coordinator of the programme. Professor Basudeb Barman, Vice President of the Society gave the welcome address on that day. Professor Swapan Kumar Pramanick, President of the Society gave an inaugural address. Research Officer-in-Charge Dr. Shakti Mukherji welcomed the guests.

From 3.00 PM the technical session (seminar) was started. Professor Syamal Chakrabarti, Publication Secretary, Dr. Sankar Kumar Nath, Medical Science Secretary and Dr. Raj Kumar Roychowdhury, Physical Science Secretary of the Society were the speakers. Then Keynote address was given by Professor Dhrubajyoti Chattopadhyay, Hon'ble Vice-Chancellor, Sister Nivedita University, Kolkata. At 4.00 PM the panel discussion was started. The topic of discussion was 'Global Science for Global Wellbeing'. Dr. Arunabha Misra, Council Member of the Asiatic Society was the moderator of the panel discussion. After the discussion prize distribution ceremony was held. Many scholars and students from different schools, colleges and universities attended the programme.

L to R : Dr. Asok Kanti Sanyal, Professor Basudeb Barman and Professor Swapan Kumar Pramanick

L to R : Professor Syamal Chakrabarti, Dr. Sankar Kumar Nath and Professor Raj Kumar Roychowdhury

***আহমদ শরীফ রচনাসমগ্র* (প্রথম খণ্ড)**
প্রকাশক : একুশ শতক
মূল্য : ১০০০.০০

তিনি ছিলেন ব্যতিক্রমী—জীবন দর্শনে, ভাবনার পরিসরে, মুক্তচিন্তার প্রবল দার্ঢ্যে, দ্রোহের সাহসিকতায়। আর পাঁচজন ছা-পোষা বাঙালির থেকে সম্পূর্ণ আলাদা ছিলেন আহমদ শরীফ। বাঙালির ভাবালুতাকে তুড়ি মেরে উড়িয়ে তাকে দাঁড় করিয়েছেন ইতিহাস-নিষ্ঠ সমাজবিজ্ঞানের সামনে; ক্ষুরধার যুক্তির পারম্পর্যে বরাবর বস্তুবাদকে প্রাধান্য দিয়েছেন তিনি। বাঙালি এবং মুসলমান—এই জাতিচিহ্নের অস্তিত্ব এবং তার সঙ্কটকে যথার্থ অনুধাবন করেছিলেন আহমদ শরীফ। সেই সঙ্কটের সমাধান নিজেই খুঁজে নিয়েছিলেন আপোষহীন অসাম্প্রদায়িকতায়। ব্যক্তিজীবনে মার্কসবাদী, বিজ্ঞাননিষ্ঠ, বস্তুনিষ্ঠ, মানবতাবাদী মানুষটি আজীবন 'গতরখাটা' মানুষকে প্রাধান্য দিয়ে গেছেন। তাঁর মধ্যযুগের বাংলা সাহিত্যের অভিধান-সদৃশ গবেষণার মধ্যে, তাঁর পৃথিবীর ইতিহাসের পাঠমালায়, ভারতীয় উপমহাদেশের সাহিত্য, শিল্প, সংস্কৃতির আনুপূর্বিক অন্বেষায় আহমদ শরীফ স্বতন্ত্র। *আহমদ শরীফ রচনাসমগ্র* (প্রথম খণ্ড)---এই স্বতন্ত্র ভাবনার ভাস্কর্যে ঋদ্ধ।

প্রথমেই বলে রাখা ভালো, আহমদ শরীফের রচনার মূল্যায়ন করা বাংলা সাহিত্যের এক সামান্য ছাত্রীর কাছে এক মস্ত পরীক্ষা; দুঃসাধ্যও বটে, দুঃসাহসও বটে। অতএব, এই প্রবন্ধে আহমদ শরীফকে পাঠের অভিজ্ঞতাটুকু তুলে ধরার চেষ্টা করেছি। প্রথম খণ্ডে সংকলিত গ্রন্থের সংখ্যা ছয়, দুটি *বিদ্যাসুন্দর* কাব্যকে একই বর্গে রাখলে সেই সংখ্যা পাঁচ। প্রথম গ্রন্থ *বিচিত চিন্তা*, প্রকাশিত হয়েছিল ২১ ফেব্রুয়ারি, ১৯৬৮। প্রবন্ধের সংখ্যা মোট ৫৪। *বিচিত চিন্তা*-র তিনটি ভাগ। প্রথম—*সাহিত্য চিন্তা*, দ্বিতীয়—*সংস্কৃতি চিন্তা* এবং তৃতীয়—*সাহিত্যিক চিন্তা*। দ্বিতীয় গ্রন্থ *সাহিত্য ও সংস্কৃতি চিন্তা*, ১৯৬৯-এর সেপ্টেম্বরে প্রকাশিত। এই গ্রন্থের প্রবন্ধ-সংখ্যা ২০। তৃতীয় গ্রন্থ ১৯৭০ সালের জুন মাসে প্রকাশিত *স্বদেশ অন্বেষা*। প্রবন্ধ সংখ্যা ২১। চতুর্থ গ্রন্থ *লায়লী মজনু*—রচনা দৌলত উজির বাহ্‌রাম খানের। ষোড়শ শতকের মধ্যভাগে রচিত এই কাব্যটির পাঠোদ্ধার ও সম্পাদনা করে ১৯৫৭ সালে গ্রন্থটিকে প্রকাশ করেন আহমদ শরীফ। এই খণ্ডেই সংকলিত হয়েছে দ্বিজ শ্রীধর দাস কবিরাজ বিরচিত *বিদ্যাসুন্দর*, সেই সঙ্গে শা' বারিদ খানের *বিদ্যাসুন্দর*। এই দুটি গ্রন্থেরই পাঠোদ্ধার ও সম্পাদনার কাজটি করেছিলেন আহমদ শরীফ। অর্থাৎ, প্রথম তিনটি প্রবন্ধগ্রন্থ প্রাবন্ধিকের মৌলিক চিন্তার ফসল, পরের তিনটি গ্রন্থ মধ্যযুগের বাংলা সাহিত্যের সারণীতে আহমদ শরীফের গবেষণালব্ধ বিশিষ্ট সংযোজন। প্রথম খণ্ডের যাবতীয় মৌলিক রচনা ও সম্পাদিত গ্রন্থের সময়সীমা ১৯৫০ থেকে ১৯৭০ খ্রিষ্টাব্দ, অর্থাৎ কুড়ি বছরের ভিতরে।

কুড়ি বছর অনেকটা সময়। খণ্ডিত ভারতবর্ষের

একখণ্ড নিয়ে নবগঠিত পাকিস্তানের পূর্বভাগ—পূর্ব পাকিস্তানের একজন নাগরিকের স্বপ্ন ধীরে ধীরে পরিবর্তিত হতে থাকে আত্ম-অন্বেষণের প্রজ্ঞায়। আরও পরে দেশ-কাল-জাতির চাওয়া-পাওয়া-না পাওয়ার আন্দোলনে মথিত দ্রোহকাল ছায়াপাত করেছে লেখকের মানসরাজ্যে। সচেতন পাঠক অবশ্যই খুঁজে পাবেন পরিবর্তনের দিকচিহ্নগুলোকে। তাঁর রচনাবলীর প্রথম খণ্ডের তিনটি প্রবন্ধ গ্রন্থে যে বিষয়গুলো বারবার ঘুরে ফিরে এসেছে তার তালিকাটা মোটামুটি এরকম: ১. জাতীয় জীবনে ভাষা। ২. সাহিত্যের নানা দিক—সেখানে বুর্জোয়া সাহিত্য ও গণসাহিত্যের তুলনা যেমন এসেছে, সাহিত্যে আদর্শবাদ বনাম অর্ডিন্যান্সও এসেছে, লোকসাহিত্যের পাশেই আলোচিত ইসলামি সাহিত্যের ধারা, কথাসাহিত্যের সমস্যার পাশে বাংলা ভাষা ও সাহিত্যের খসড়াচিত্র। ৩. সাহিত্যিকদের আলোচনা প্রসঙ্গে একাধিক প্রবন্ধে বরাবর আলোচিত রবীন্দ্রনাথ, নজরুল। তবে মধুসূদন, বঙ্কিমচন্দ্র থেকে কায়কোবাদ, এমদাদ আলি বা শাহাদাৎ, মোহিতলাল বা বিদ্যাপতি—সকলেই এসেছেন তাঁর আলোচনার বৃত্তে। ৪. ধর্ম কী? তার সঙ্গে মানবসভ্যতার সম্পর্ক কী—ঘুরে ফিরে এসেছে সেই প্রশ্ন। ৫. সংস্কৃতির সংজ্ঞা কী—এ সম্পর্কে বারবার উত্তর সন্ধান করেছেন। ৬. মুসলিম মানসের অনুসন্ধানে বৃত হয়েছেন।

বস্তুত, দ্বিতীয় গ্রন্থ থেকেই 'জাতীয়তা', 'চিন্তা-প্রকাশের স্বাধীনতা' ইত্যাদি প্রবন্ধের মধ্য দিয়ে 'স্বদেশ অন্বেষা' তাঁর শুরু হয়ে গিয়েছিল। ১৯৭০-এ প্রকাশিত *স্বদেশ অন্বেষা*-র যাবতীয় প্রবন্ধের রচনাকাল ১৯৬৮ থেকে '৭০ সালের মধ্যে। সময়ের দিক থেকেও পূর্ব পাকিস্তানের পক্ষে এ ছিল এক ক্রান্তিকাল। রাষ্ট্রশক্তির সঙ্গে এক অসহ ও অসম লড়াই ততদিনে শুরু হয়ে গেছে। এই পর্বের রচনায় স্বদেশ অন্বেষা খুব স্বাভাবিক। অতএব এই পর্বের প্রবন্ধাবলির শিরোনাম সময়ের সঙ্গে সঙ্গতিপূর্ণ। যেমন—'সংস্কৃতির মুকুরে আমরা', 'বাঙালির সংস্কৃতি', 'বাংলা ও বাঙালি', 'ইতিহাসের ধারায় বাঙালি', 'জাতি গঠনে ভাষার প্রভাব', 'ভাষা প্রসঙ্গে বিতর্কের অন্তরালে', 'ইতিহাসের আলোকে আত্মদর্শন', 'মিলন-ময়দানের সন্ধানে', 'কল্যাণ অন্বেষণ' ইত্যাদি। প্রবন্ধ-নামের তালিকা দীর্ঘ করা অপ্রয়োজনীয়। তবু সত্তা-সন্ধানী পুব বাংলার অধিবাসীদের কাছে সে ছিল বড় কঠিন সময়। আহমদ শরীফ বুঝেছিলেন দেশকালের প্রেক্ষিতে জাতির সামনে আত্মানুসন্ধানের ফসলগুলোকে নতুন করে তুলে ধরার সময় এসেছে, *স্বদেশ অন্বেষা*-র প্রবন্ধগুলোর শিরোনামগুলি সেই ইঙ্গিতই বহন করছে।

এই পর্যন্ত প্রথম খণ্ডের প্রবন্ধাবলির বিষয় বিন্যাসটাই করা হয়েছে। তার সাত-সতেরোর সুলুকসন্ধান দেওয়া এই প্রবন্ধের সংক্ষিপ্ত পরিসরে অসম্ভব। তবু, কিছু কথা থেকে যায়—সংক্ষেপে হলেও যেগুলির উল্লেখ না করলে বইটির আলোচনা অসম্পূর্ণ থেকে যায়। প্রথমত, ভাষা। ভাষা মানুষের আবেগের জায়গা। বিশেষ করে মাতৃভাষা। অধ্যাপক আহমদ শরীফ স্বয়ং বাংলা ভাষা সাহিত্যের অধ্যাপক ছিলেন। সুতরাং ভাষা সম্পর্কে তাঁর চিন্তকসত্তা সর্বদা সজাগ ছিল, এ কথা বলাই বাহুল্য। ১৩৬৬ সনে (ইং ১৯৫৯ খ্রিস্টাব্দে) 'ভাষার কথা' প্রবন্ধে তিনি লিখছেন, 'ধ্বনি আসলে বোবা। মানুষের অভিপ্রায়ই তাকে অর্থ দান করে। ধ্বনিগুলোর অর্থবহতা একান্তভাবে স্থানিক বা গোত্রিক চুক্তি-নির্ভর। ... যে-লোক যে-ভাষাতে জন্ম থেকেই চুক্তিবদ্ধ হয়, সে-ভাষাই তার মাতৃভাষা। সে ভাষা তার দেহের রক্ত-মাংসের মতই একান্ত নিজের। ... কাজেই ভাষা হচ্ছে মানুষের জীবনানুভূতির বাহন, বেশী করে বললে বলতে হয়, ভাষাই জীবন। তাহলে মাতৃভাষা থেকে বঞ্চিত হওয়া মানে অনেকাংশে জীবনকেই খণ্ডিত করা, ক্ষুদ্র করা, হয়তো বা ব্যর্থ করা।'[১] এই প্রবন্ধ লেখার আগেই ১৯৫২ সালের ভাষা আন্দোলন শুরু হয়ে গেছে। তাকে সময়ের সঙ্গে তাল মিলিয়ে বহন করে একটি জাতি তখন প্রহর গুনছে গণমুক্তির। '৬৯-এর নভেম্বরে আহমদ শরীফ জাতির সামনে

নতুন করে তুলে ধরছেন 'জাতি গঠনে ভাষার প্রভাব'-এর কথা। প্রথমেই বলছেন, 'আত্মীয়তা ও ঐক্যের বন্ধন হিসেবে রক্ত-সম্পর্কের পরেই ভাষার স্থান। ... জন্মসূত্রে মানুষ যে ভাষা পায় অর্থাৎ আশৈশব মানুষ যে ভাষায় অভ্যস্ত হয়, সেটিই তার স্বভাষা বা মাতৃভাষা। ঐ ভাষাই তার চেতনার নিয়ামক বলে তার প্রাণেশ্বর হয়ে ওঠে।'[২] জীবনের প্রতিটি ক্ষেত্রেই একদিকে থাকে তার তাত্ত্বিক দিক, অন্যদিকে প্রায়োগিক দিক। স্বাধীন বাংলাদেশ গঠনের পর বাংলা ভাষার প্রায়োগিক দিক নিয়ে চিন্তিত ছিলেন আহমদ শরীফ। *দৈনিক সংবাদকে* দেওয়া একটি সাক্ষাৎকারে তিনি বলেছিলেন— "অফিস-আদালতে বাংলা চালু করার আগে টেলিগ্রাফ, টেলিপ্রিন্টার, সাঁটলিপি, টাইপ-রাইটার প্রভৃতি বাংলা সঙ্কেতে এ ভাষায় দ্রুত কাজ চালানোর মতো করে চালু করতে হবে এবং বাংলাতে এই কাজ করবার মতো কয়েক লাখ মানুষকে প্রশিক্ষণ দান করতে হবে। এই সব ব্যবস্থা না করে গায়ের জোরে বাংলা চালু করতে গেলে অফিসে-অফিসে কিংবা ব্যক্তিগত জীবনে একদিনের কাজ তিনদিনে করতে হবে।"[৩] বস্তুবাদী চিন্তক আহমদ শরীফ চিরদিন এই ভাবেই বাস্তবের মাটিতে পা দিয়ে দাঁড়িয়েছিলেন।

সংস্কৃতি কী—এ নিয়ে আজীবন ভেবেছেন প্রাবন্ধিক। ১৯৫৭ সালে 'সংস্কৃতি' প্রবন্ধে তিনি লিখছেন, "এক কথায় culture-এর কোনো সংজ্ঞা দেয়া চলে না। ... culture বা সংস্কৃতি একটি পরিশ্রুত জীবন-চেতনা। ব্যক্তিচিত্তেই এর উদ্ভব ও বিকাশ। এ কখনো সামগ্রিক বা সমবায় সৃষ্টি হতে পারে না। ... অর্থাৎ এ জাতীয় কিংবা দেশীয় সম্পদ হতে পারে, কিন্তু ফসল হবে ব্যক্তিমনের। কেননা, সংস্কৃতি ও কাব্য, চিত্র ও বৈজ্ঞানিক আবিষ্ক্রিয়ার মতো স্রষ্টার সৃষ্টি। কৃতিত্ব স্রষ্টার বা উদ্ভাবকের।"[৪] এই লেখার ঠিক এক যুগ পরে 'সংস্কৃতির মুকুরে আমরা' প্রবন্ধে আহমদ শরীফ লিখছেন, "পরিশীলিত ও পরিশ্রুত জীবনচেতনাই সংস্কৃতি। কুসুমের মতো বিকশিত হয়ে ওঠে সংস্কৃতিবান মানুষের মন। তার আত্মার লাবণ্য তার আচরণ ও কর্মকে দেয় মাধুর্য। ... সংস্কৃতির অপর নাম তাই সৌন্দর্য-অন্বেষা। ... সংস্কৃতির জন্ম হয় ব্যক্তিমনে এবং লালন হয় সামাজিক জীবনে। অর্থাৎ একের সৃষ্টি বহুর অনুকরণে ও অনুসরণে দৈশিক ও জাতিক সম্পদ ও ঐতিহ্য হয়ে ওঠে।"[৫] বঙ্গসংস্কৃতি বা ইওরোপীয় সংস্কৃতি জাতীয় শব্দবন্ধগুলিকে এই সংজ্ঞার নিরিখে উপলব্ধি করা যায়।

আসা যাক আহমদ শরীফের ধর্মকেন্দ্রিক ভাবনার ক্ষেত্রে। ব্যক্তিগত জীবনে মার্কস-এঙ্গেলসপন্থী এই অধ্যাপক ঘোরতর নাস্তিক ছিলেন। তাঁর 'অস্তি'-তে একটাই বোধ কাজ করত—মানবতা। প্রথাবদ্ধ ধর্মভাবনার বিপরীতে থাকার দরুণ চিরকাল ধর্মের ধ্বজাধারীদের সমালোচনার তীক্ষ্ণ শর তাঁকে সইতে হয়েছে। তবু, মৃত্যুর পর জানাজা হয়নি, কবরে কীটের খাদ্য হতে চাননি। আগেই অঙ্গীকারপত্রে সই করেছিলেন, অতএব মৃত্যুর পর চিকিৎসা বিজ্ঞানের প্রয়োজনে দেহদান এবং দুটি চোখ দান করেছিলেন তিনি। তা বলে মুসলমান জাতিসত্তার সন্ধান থেকে বিরত থাকেননি তিনি। ইসলামের ইতিহাসকে উপেক্ষা করেননি। 'ইতিহাস পাঠকের দু'একটি জিজ্ঞাসা' প্রবন্ধে তিনি লিখেছেন, "এ যুগের মতবাদের মতোই ধর্মমাত্রেই কোন বিশেষ অঞ্চলের মানুষের বিদ্রোহ-বিপ্লবের দান। ... বিপ্লব-বিদ্রোহের অবসানে দ্রোহীদের জয়ে তাদের পরিকল্পিত ও অনুসৃত নিয়ম-পদ্ধতি ও নীতি-আদর্শ পরিণামে নবধর্ম রূপে প্রতিষ্ঠা পায়।" ধর্ম নিয়ে মানুষের আবেগেরও অন্ত নেই, বিদ্বেষ-হানাহানিরও অন্ত নেই। আহমদ শরীফ আবেগহীন বিজ্ঞান মনস্কতায় লিখছেন, "স্বদেশে ধর্ম জীবন-চেতনারই প্রতিরূপ। তাই স্বদেশে যে নতুন ধর্ম practice, দেশান্তরে তা theory মাত্র। স্বদেশে যা real, দেশান্তরে তা-ই ideal এবং কালান্তরে তা একটা idea, একটা কল্পনাসাধ্য philosophy-র বেশী নয়।"[৬] অথচ মানুষ জাতির নামে, ধর্মের নামে, রাষ্ট্রের নামে, জাতীয়তাবাদের নামে ক্রমশ পরস্পরের থেকে দূরে সরে যাচ্ছে। সমাজ-ধর্ম,

জাতি, রাষ্ট্র একদা তৈরি হয়েছিল মানবকল্যাণে। পরিণতি পেল মানববিদ্বেষে। 'স্বাতন্ত্র্য' প্রবন্ধে আহমদ শরীফ দুঃখ করে লিখছেন, "সমাজে-ধর্মে-জাতে-রাষ্ট্রে অভিন্ন না হলেই সন্দেহ করতে হবে, শত্রু ভাবতে হবে—এই হচ্ছে মানুষের কয়েক হাজার বছরের উদ্যোগ-আয়োজন-আড়ম্বরের ফল। মনুষ্য সাধনার কি মর্মান্তিক ব্যর্থতা, মানব মনীষার কি বিস্ময়কর অপচয়। ... তাই পরধর্মে ঘৃণাই ধার্মিকতা, বিজাতি-বিদ্বেষই জাতীয়তা, পরমত-অসহিষ্ণুতাই আদর্শনিষ্ঠা, সংস্কারাচ্ছন্নতাই সমাজানুগত্য, বিদেশী-বিমুখতাই স্বদেশপ্রীতি আর পরশ্রীকাতরতাই রাষ্ট্রচেতনা নামে প্রশংসিত।"[৭] বাঙালি জাতিসত্তার জমি খুঁজতে গিয়ে 'স্বদেশ, স্বভাষা ও স্বাজাত্য' প্রবন্ধে লিখছেন, "আমরা প্রায় সবাই বাঙালি-মুসলমান, —একথা অস্বীকার করবার জো নেই! আমাদের স্বভাবে, সামাজিক সংস্কারে, জীবনবোধে, সর্বোপরি আমাদের নৃতাত্ত্বিক নিদর্শনে আমাদের এই বাঙালিয়ানার ছাপ রয়েছে পুরোপুরি। আবার আমরা ধর্মাদর্শে আরবের অনুসারী।... তাই ইসলাম বরণ করে তারা ছেড়েছিল হিন্দুয়ানি, অবজ্ঞা করেছিল—ভুলতে চেষ্টা করেছিল হিন্দু-ঐতিহ্যকে, কিন্তু ছাড়েনি স্বভাষা ও সাহিত্যের চর্চা।"[৮] কোথাও বঞ্চনার ব্যথাও বেজেছে তাঁর লেখায়। তিনি ইতিহাসের দর্পণে দেখিয়েছেন ৭০০ বছরের সুদীর্ঘ মুসলিম শাসনকালে হিন্দুরা উচ্চপদে বসেছে, ধর্মান্তরিত এদেশীয় মুসলমানদের তাঁরা কোনদিনই প্রাধান্য দেননি।

রবীন্দ্রনাথকে নিয়ে বাঙালির আবেগ নতুন নয়, আহমদ শরীফও তার ব্যতিক্রম নয়। তবে যুক্তিনিষ্ঠ প্রাবন্ধিক ব্যক্তিপূজার আড়ম্বরে রবীন্দ্রনাথকে দেবত্বের বলয়ে হারিয়ে যেতে দেননি। 'সৌন্দর্যবুদ্ধি ও রবীন্দ্রমনীষা' প্রবন্ধের গোড়াতেই তিনি লিখলেন, "রবীন্দ্রনাথ এক আশ্চর্য মানুষ। জীবন-প্রভাত থেকে মৃত্যু-মুহূর্ত অবধি তিনি নব নব রূপে বিচিত্র অনুভবে নিজেকে রচনা করে গেছেন।" আর এই প্রবন্ধের শেষ করেছেন এই বলে, "আজকের সংস্কৃতিবান-মানবতাবাদী বাঙালি মাত্রই রবীন্দ্রনাথের মানস-সন্তান।"[৯] সেই সঙ্গে তাঁর ব্যর্থতার দিকগুলোও এক এক করে তুলে ধরেছেন প্রাবন্ধিক। তাঁর মতে রবীন্দ্রনাথের অদ্বৈতবোধ Mysticism বলে সমালোচিত। তাঁর যুগচেতনা ও যুগসমস্যা কবির 'স্বাপ্নিক-কাঙ্ক্ষা বলে স্বদেশেও অবহেলিত বলে আহমদ শরীফ মনে করতেন। তাঁর কথায়, "কৃষি ও কৃষকের উন্নতির জন্য তিনি যা কিছু করেছেন ও করতে চেয়েছেন, তা কৃষকদের মধ্যেও সমাদৃত হয়নি।"[১০] 'রবীন্দ্রমানসের স্বরূপ-সন্ধানে' প্রবন্ধে পাশ্চাত্য রবীন্দ্র-গ্রহণযোগ্যতা কোথায় কোথায় আর কোন্ কোন্ সৃষ্টিকর্মে সে গ্রহণযোগ্যতা নেই এবং কেন নেই, সেই কারণ বিশ্লেষণ করেছেন লেখক। 'রবীন্দ্রনাথ' প্রবন্ধে আছে তাঁর রবীন্দ্র-বিমুগ্ধতার কথা। তিনি লিখছেন, "সংস্কৃতি আলঙ্কারিকেরা কাব্যাস্বাদনকে ব্রহ্মাস্বাদ সহোদর বলেছেন। তেমন মহৎ কাব্যরস রবীন্দ্রনাথ আমাদের ভাষায় আমাদেরকে দিয়ে গেছেন। আমাদের এ সৌভাগ্যের তুলনা নেই। রবীন্দ্রনাথের কাছে আমাদের ঋণের ও কৃতজ্ঞতার সীমা নেই। জয়তু রবীন্দ্রনাথ।"[১১] বলেছেন বটে, তৎসত্ত্বেও তিনি রবীন্দ্রনাথকে 'বুর্জোয়া মানবতার প্রতীক'[১২] বলে মনে করতেন।

নজরুল ইসলামকে নিয়ে তাঁর বেশ কয়েকটি প্রবন্ধ প্রথম খণ্ডে সংকলিত হয়েছে। নজরুল সম্পর্কে তাঁর মূল্যায়ন—"নজরুলের মন ছিল সরল, বুদ্ধি ছিল ঋজু, আত্মা ছিল অনাবিল। তিনি যা চেয়েছেন সহজভাবেই তা বলেছেন, যা ভেবেছেন তাতে কোনো কূটসমস্যা নেই, জটিল যুক্তিজাল নেই।"[১৩] একে একে তুলে ধরেছেন নজরুলের যুগন্ধরতা, তাঁর কাব্যপ্রেরণার উৎস, তাঁর কাব্যসাধনার লক্ষ্য। তবে চমৎকৃত হতে হয় 'নজরুল ইসলাম ঃ এক বিরূপ পাঠকের দৃষ্টিতে' প্রবন্ধপাঠে। এক বন্ধুর বকলমে তিনি লিখেছেন "নজরুল বিদ্রোহী নন, তিনি মুজাহিদ। তিনি মানবতার কবি নন, নির্যাতিত মানবতার কবি। তিনি পাকিস্তানের জাতীয় কবি হতে পারেন না। তাঁর

জীবনচর্যায় মুসলমানীর চেয়ে অনেক বেশি আছে হিন্দুয়ানি। ইত্যাদি, ইত্যাদি...।" এই প্রবন্ধের শেষ অবশ্য স্তুতিবাদেই। ব্যাজস্তুতি বলে অলঙ্কার শাস্ত্রে একটি বিষয় আছে, যেখানে প্রশংসার ছলে নিন্দা আর নিন্দার ছলে প্রশংসা করা হয়। এই প্রবন্ধের চলন অনেকটা সেরকমই।

একটি প্রবন্ধের উল্লেখ করতেই হয়, প্রবন্ধটির নাম 'পদাবলী ঃ কাম ও প্রেম'। পাঠ শেষে মনে পড়ে গেল কবি যতীন্দ্রনাথ সেনগুপ্তের কবিতার দু'টি চরণ—

"প্রেম বলে কিছু নাই
চেতনা আমার জড়ে মিশাইলে
সব সমাধান পাই।"

আহমদ শরীফ একদিকে বিজ্ঞানমনস্ক, অন্যদিকে ফ্রয়েডীয় দর্শন-স্নাত। ফলে প্রবন্ধের শুরুতেই তাঁর ঘোষণা—"তত্ত্ববিদের চোখে যা-ই হোক, সাধারণের অনুভবে কামে ও প্রেমে পার্থক্য সামান্য এবং বিজ্ঞানীর চোখে দু-ই নিরেট জৈবিক-বৃত্তি।" এই প্রবন্ধের কিছু বিচ্ছিন্ন অংশ এইরকম : "সভ্যতা ও সংস্কৃতির বিশেষ স্তরে জীবনের ক্ষেত্রে এ আদিরসের বিচিত্র ও বহুধা প্রভাব স্বীকার করে ধন্য হয়েছে মানুষ, ধন্য করেছে দেবতাদের। গ্রীক ও হিন্দুপুরাণ তার সাক্ষ্য।" "পরকীয়াতেই প্রেমের স্ফূর্তি।... ইউসুফ-জোলেখা, লায়লী-মজনু, শিরি-ফরহাদ, কৃষ্ণ-নিপ্পিনাই বা রাধা-কৃষ্ণ—এই প্রেম প্রকাশের আদর্শ ও বিকাশের অবলম্বন হয়ে প্রায় দেড় হাজার বছর ধরে মানুষের মনে আকুতি মিটিয়েছে।"[১৪] মানতেই হবে রবীন্দ্রনাথের প্লেটোনিক লাভের ভাবের জগতে ভাসমান বাঙালি মননের রুচিশীলতায় এ ছিল প্রায় মিসাইল হানা। ধারে ভারে ভাবে ভাবনায় 'কল্লোলীয়' বলে অনায়াসে এক পংক্তিতে রাখা যায় আহমদ শরীফকে। ১৯৭৪-এর ফেব্রুয়ারিতে এক সাংবাদিক তাঁকে প্রশ্ন করেছিলেন—"আপনার ছেলে যদি আপনার সামনে ধূমপান করে, তাহলে আপনি কি করবেন?" জবাবে তিনি বলেছিলেন, "এ সব ব্যবস্থা চালু হয়েছিল সামাজিক নিয়ম শৃঙ্খলা হিসেবে। সে দিন শেষ হয়ে গিয়েছে।" প্রশ্ন : "আপনি কি মনে করেন তরুণ তরুণীদের অবাধ মেলামেশা সমাজকে রসাতলে নিয়ে যাচ্ছে?" উত্তর : "অবাধ মেলামেশার সুযোগ অবশ্যই দিতে হবে। অস্বাভাবিক অবস্থায় কেউ থাকতে পারে না। তাই পতিতাবৃত্তির জন্ম। মহাকাব্যগুলোও নারী হরণ দিয়েই শুরু।... নারীসঙ্গ মানুষের জীবনকে সহজ করে।"[১৫] এই দ্ব্যর্থহীন বাস্তবতাতেই আহমদ শরীফ ব্যতিক্রমী।

বাংলা সাহিত্যের অনুরাগী পাঠকমাত্রেই জানেন, অধ্যাপক ড. আহমদ শরীফ মধ্যযুগের বাংলা সাহিত্যের গবেষণাক্ষেত্রে এক খনি। হাজারের ওপর লেখা প্রবন্ধে মধ্যযুগের বাংলা সাহিত্যের প্রতিটি প্রত্যন্ত কোণার খোঁজ দিয়েছেন তিনি। সম্পাদনা করেছেন অজস্র পুথি। তাঁর পিতৃব্য আবদুল করিম সাহিত্য বিশারদের সাহচর্যে পুত্রবৎ বড় হয়েছিলেন আহমদ শরীফ। তাঁর অনুপ্রেরণা তো ছিলই, সঙ্গে মিশেছিল আশ্চর্য মেধা। পাশ্চাত্য দর্শনের আলোকে নতুন পথের দিশা পেয়েছিলেন, সঙ্গে ছিল প্রাচ্যের মানস। সবে মিলে তৈরি হয়েছিল আহমদ শরীফের দীপ্ত মনীষা। তাঁর মধ্যযুগের সাহিত্যে সমাজ ও সংস্কৃতির রূপ, *মধ্যযুগের বাংলা সাহিত্য* মধ্যযুগের বাংলা সাহিত্যের আলোচনার অনন্য গ্রন্থ। তাঁর রচনাবলীর প্রথম খণ্ডে সংকলিত 'লায়লী-মজনু' এবং 'বিদ্যাসুন্দর'-এর দুটি পৃথক কাব্যের মূল পাঠ ও তার আলোচনা নিঃসন্দেহে মধ্যযুগের গবেষকদের কাছে মূল্যবান প্রাপ্তি। আগ্রহী পাঠকও পাবেন মধ্যযুগের দুটি প্রেমোপাখ্যানের স্বাদ।

আহমদ শরীফ রচনাসমগ্র সম্পাদনা করেছেন ড. প্রথমা রায়মণ্ডল, সহযোগী সম্পাদক ড. চিত্ত মণ্ডল। প্রকাশক : একুশ শতক। পশ্চিমবঙ্গে আহমদ শরীফের রচনাবলীকে সহজলভ্য করার জন্য প্রথমেই এঁদের সকলের সাধুবাদ প্রাপ্য। অতি যত্নের সঙ্গে কোন নিয়মের অনুবর্তন করে সম্পাদনা করা হয়েছে, কোন নিয়ম বর্জন করা হয়েছে, সে কথা অনুপুঙ্খে জানিয়েছেন সম্পাদক। সূত্রাকারে সন

তারিখ সহ আহমদ শরীফের জীবনবৃত্তান্ত তুলে ধরা হয়েছে। সংকলিত হয়েছে গ্রন্থপঞ্জি, সমকালে অগ্রন্থিত রচনা। এত বৃহৎ কর্মকান্ডে হাত দেওয়াই এক মস্ত চ্যালেঞ্জ, তাকে সুচারুরূপে সম্পাদন করা অভিবাদনযোগ্য। তবু দু'চারটি কথা থেকে যায়। যদিও শিরোনাম-সূচি দেওয়া হয়েছে, কিন্তু পৃষ্ঠা সংখ্যার উল্লেখ না থাকায় প্রবন্ধ খুঁজে পেতে সমস্যা হয়েছে। পরবর্তী সংস্করণে প্রতিটি প্রবন্ধের পৃষ্ঠাসূচি সংযোজন জরুরি। প্রবন্ধগুলি কালানুক্রমিক ধারায় বিন্যস্ত হওয়া দরকার ছিল। 'একটি প্রতারক প্রত্যয়' প্রবন্ধের শেষে উল্লিখিত তারিখ : ৫.১০.১৯৭০ এবং ৬.১০.১৯৭০ নিঃসন্দেহে মুদ্রণপ্রমাদ। কিন্তু একই প্রবন্ধের উল্লেখে ৭০১ নম্বর পৃষ্ঠায় রচনাকাল লেখা হয়েছে ৫ ও ৬ জানুয়ারি, ১৯৭৯। সালটি সম্বন্ধে প্রশ্নচিহ্ন রইল।

আহমদ শরীফ একদা বলেছিলেন—"নাস্তিক দর্শনের মূল কথা হচ্ছে জ্ঞান-যুক্তি-বুদ্ধি। সাহসী মানুষই নাস্তিক হন।"[১৬] ফলে মৌলবাদীদের চোখে তিনি ছিলেন 'মুরতাদ'। ঢাকার রাস্তায় তাঁর ফাঁসির দাবিতে পোস্টার পড়েছিল। 'মুরতাদ' অর্থে ধর্মত্যাগী। তিনি বলেছিলেন—"নিজে কোনদিন ধর্মগ্রহণ করিনি, সুতরাং ত্যাগের প্রশ্ন ওঠে না।"[১৭] শেষ পর্যন্ত বলে গেছেন, "এখনও মার্কসবাদই শেষ কথা।" স্বাধীন বাংলাদেশ গঠনের পরও মুক্তিচিন্তার ক্ষেত্র অপ্রশস্ত বলে বারবার সরব হয়েছিলেন কবি। প্রতিটি জমানাতেই সরকারের সমালোচনায় মুখর ছিলেন অসীম সাহসী এই মানুষটি। শেষ পর্যন্ত আপোষহীন এই মনস্বীর রচনাবলীর অন্য খণ্ডগুলি প্রকাশের অপেক্ষা রইল।

সহায়ক গ্রন্থপঞ্জি :

আহমদ শরীফ—*সাক্ষাৎকারে সময়কাল*
কোরক ঃ বাঙালি মুসলমান : ব্যক্তি ও ব্যক্তিত্ব সংখ্যা

উল্লেখপঞ্জি :

১. *আহমদ শরীফ রচনাসমগ্র* (প্রথম খণ্ড), পৃ. ১৭
২. ঐ, পৃ. ৩৬০
৩. আহমদ শরীফ—*সাক্ষাৎকারে সময়কাল*, পৃ. ১৩-১৪
৪. *আহমদ শরীফ রচনাসমগ্র* (প্রথম খণ্ড), পৃ. ১৫২
৫. ঐ, পৃ. ৩৪৫
৬. ঐ, পৃ. ২৫১
৭. ঐ, পৃ. ১৩৯-১৪০
৮. ঐ, পৃ. ১৩১
৯. ঐ, পৃ. ১৮৭
১০. ঐ, পৃ. ১৮৬
১১. ঐ, পৃ. ১৯৩
১২. আহমদ শরীফ—*সাক্ষাৎকারে সময়কাল*, পৃ. ২৩
১৩. *আহমদ শরীফ রচনাসমগ্র* (প্রথম খণ্ড), পৃ. ২০৭
১৪. ঐ, পৃ. ৪৩৮
১৫. আহমদ শরীফ—*সাক্ষাৎকারে সময়কাল*, পৃ. ৩৭
১৬. ঐ, পৃ. ২১২
১৭. ঐ, পৃ. ২৭৭

স্মৃতিকণা চক্রবর্তী
অধ্যাপক, বাংলা বিভাগ,
ব্রহ্মানন্দ কেশবচন্দ্র কলেজ, কলকাতা

Books processed during the Last Month

Ban
320.83095414
S941s

সুব্রত বাগচী

সুভাষচন্দ্র পৌরচিন্তা/সুব্রত বাগচী। — কলকাতা : লোকমত প্রকাশনী, ২০২২।

৪৪২পৃ.; ২২ সেমি **(B15954) (05.09.22)**

মূল্য : ৩৫০.০০ টাকা

Ban
333.315414
T261

তেভাগা আন্দোলন;

সম্পাদনা ধনঞ্জয় রায়। — কলকাতা : আনন্দ, ২০১৯।

২৫৬পৃ.; ২২ সেমি **(B68129) (23.12.21)**

ISBN : 978-81-7756-069-5

মূল্য : ২৫০.০০ টাকা

Ban
398.2
S194k

সাঁওতাল লোককথা ঃ

পল ওলাফ বোডিং এর 'সান্তাল ফোক টেলস'-এর বাংলা তর্জমা/সম্পাদনা কুমার রাণা ও সৌমিত্রশংকর সেনগুপ্ত, বাংলা রূপান্তর জয়া মিত্র, প্রীতম মুখোপাধ্যায় ও সম্পাদকদ্বয়। —কলকাতা ঃ দি এশিয়াটিক সোসাইটি, ২০২২।

২৮,৩৭৬পৃ.; ২৫ সেমি **(B16060-65) (26.10.22)**

ISBN : 978-81-956198-7-0

মূল্য : ৮০০.০০ টাকা

Ban
500
B212s
6c

বাংলা ভাষায় বিজ্ঞানচর্চা (১৮১৮-১৮৬০);

সম্পাদনা শরদিন্দু শেখর রায়। —২য় সংস্করণ; ভূমিকা সব্যসাচী চট্টোপাধ্যায়। — কলকাতা ঃ ২য় সংস্করণ, ২০২২।

৬৪,৭৬৮পৃ.; ২২ সেমি **(B16096-B16101)**

ISBN : 978-81956806-2-7

মূল্য : ১২০০.০০ টাকা

Ban
635.9772
B575b

ভগীরথ মিশ্র

বনসাই চর্চা/ভগীরথ মিশ্র। — কলকাতা : দে'জ, ১৪১২।

১০০পৃ.; ২২ সেমি **(B15990) (25.09.22)**

সাইকেই ও সুইসেকি সহ।

Ban
891.2103
M214d

ধীরেশচন্দ্র ভট্টাচার্য

মহাভারতের একশোটি দুর্লভ মুহূর্ত/ধীরেশচন্দ্র ভট্টচার্য। — কলকাতা : আনন্দ, ২০২১।

৬৭৪পৃ.; ২৫ সেমি **(BN68156) (03.11.22)**

ISBN : 9788177566505

মূল্য : ৭০০.০০ টাকা

Ban
891.2103
M214d

ধীরেশচন্দ্র ভট্টাচার্য

মহাভারতের নারী/ধীরেশচন্দ্র ভট্টচার্য। — কলকাতা : আনন্দ, ২০২২।

১৬,৩৬৪পৃ.; ২৫ সেমি **(BN68157) (03.11.22)**

নির্ঘণ্ট ঃ পৃ. ৩৫৭-৩৬৪

ISBN : 9788177569100

মূল্য : ৬০০.০০ টাকা

Ban
891.44109
R116s.c

সত্যজিৎ চৌধুরী

চিত্রকর রবীন্দ্রনাথ ঃ অগ্রন্থিত প্রবন্ধ সংগ্রহ/সত্যজিৎ চৌধুরী; বিজলী সরকার সম্পাদিত। — হাওড়া : আচমন, ১৪২৯।

২২৮ পৃ.; চিত্রসহ; ২৩ সেমি **(B15992) (28.09.22)**

Ban
920
S724b

সৌরীশ চক্রবর্তী

ভারতীয়দের পদবীর অভিধান (সংক্ষিপ্তাকারে)/সৌরীশ চক্রবর্তী। — কলকাতা : আনন্দ প্রকাশন, ২০১২।

১৫+১৯২ পৃ.; ৪পৃ. চিত্র; ২২ সেমি **(B15955) (05.09.22)**

নির্ঘণ্ট ঃ পৃ. ৩৫৭-৩৬৪

ISBN : 978-93-81683-07-1

মূল্য : ১৫০.০০ টাকা

Ban
954.025
R196b

রঞ্জিত সেন

ভারতীয় ইসলাম ঃ একটি ঐতিহাসিক সমীক্ষা/রঞ্জিত সেন। — কলকাতা : রূপালী, ২০২২।

১৬৮পৃ.; ২২ সেমি **(B16119) (08.12.22)**

নির্ঘণ্ট ঃ পৃ. ৩৫৭-৩৬৪

ISBN : 978-93-81669-25-9

মূল্য : ২৫০.০০ টাকা

OUR LATEST PUBLICATIONS



₹420



₹450



₹720



₹1000



₹120

OUR LATEST PUBLICATIONS



₹600



₹1200



₹900



₹2000

Published by Dr. Satyabrata Chakrabarti, General Secretary, The Asiatic Society, 1, Park Street, Kolkata 700016,
Phone: 2229 0779, 2229 7251, 2249 7250 E-mail : gs.asiatic@gmail.com
Web: www.asiaticsocietykolkata.org
Printed at Arunima Printing Works, 81, Simla Street, Kolkata 700 006. E-mail : arunimaprinting@gmail.com